বিশ্বমানের জাতীয়
পরিসংখ্যান ব্যবস্থা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
আইসিটি শাখা-১

ইনোভেশন কর্ম-পরিকল্পনা ২০২১-২২ এর বাস্তবায়ন অগ্রগতি এবং অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা সভার কার্যবিবরণী

সভাপতি	শেখ মোঃ কাবেদুল ইসলাম অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা) ও চিফ ইনোভেশন অফিসার
সভার তারিখ	১০ জানুয়ারি, ২০২২ খ্রি.
সভার সময়	বেলা ১১.০০ টা.
স্থান	সম্মেলন কক্ষ (ব্লক-বি), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, বর্তমান সরকার বাংলাদেশকে ২০৪১ সালের মধ্যে একটি উন্নত রাষ্ট্রে পরিণত করার যে মহতী পরিকল্পনা গ্রহণ করেছে তা বিভিন্ন উদ্ভাবনী উদ্যোগ গ্রহণের মাধ্যমে দ্রুত বাস্তবায়ন সম্ভব। এপর্যায়ে তিনি এ বিভাগের প্রোগ্রামার ও ইনোভেশন টিমের সদস্যসচিব জনাব মু: ওয়াহিদ মুরাদকে ই-গভর্ন্যান্স ও বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২-এর আওতায় গৃহীত কার্যক্রমের অগ্রগতি সভায় উপস্থাপনের অনুরোধ করেন।

০২. ০. আলোচনা

সভাপতির অনুমতিক্রমে সদস্যসচিব বলেন, উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২-এর কর্মসম্পাদন সূচক ২.২.৪ অনুযায়ী কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন আগামী ১৩ জানুয়ারি, ২০২২ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের বাধ্যবাধকতা রয়েছে। এপর্যায়ে টিমের সদস্য এবং এ বিভাগের সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার জনাব মির্জা মোহাম্মদ আশরাফুল মুনিম- কে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২-এর প্রতিটি সূচকের লক্ষ্যমাত্রা এবং বাস্তবায়নের অগ্রগতি সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করেন।

২.১. মির্জা মোহাম্মদ আশরাফুল মুনিম ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২-এর কর্মসম্পাদন সূচকসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করেন। এপর্যায়ে সভাপতি কর্মপরিকল্পনার কর্মসম্পাদন সূচক ১.১.১ অনুযায়ী একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কে জানতে চান।

২.১.১ কর্মসম্পাদন সূচক ১.১.১-এর বিষয়ে বিভাগের সিস্টেম অ্যানালিস্ট জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম বলেন, নতুন একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের অংশ হিসেবে “API Development For GEO Code System”-কে বাছাই করা হয়েছে এবং সেটির কার্যক্রম চলমান। তিনি জানান, কার্যক্রমটি আগামী ১৬মার্চ, ২০২২ তারিখের মধ্যে সম্পন্ন করার বাধ্যবাধকতা রয়েছে। উদ্ভাবনী ধারণাটি নির্ধারিত লক্ষ্যমাত্রার মধ্যেই সম্পন্ন করা হবে। সভাপতি বলেন, উদ্ভাবনী ধারণাটির সকল কার্যক্রম ২৮ ফেব্রুয়ারি, ২০২২ তারিখের মধ্যে সম্পন্ন করে উক্ত তারিখে এ কমিটির সভায় উপস্থাপন করতে হবে এবং তা বাস্তবায়নের অংশ হিসেবে হালনাগাদ GEO Code প্রাপ্তির জন্য বিবিএস বরাবর পত্র প্রেরণ করতে হবে।

২.২. সভাপতি কর্মপরিকল্পনার কর্মসম্পাদন সূচক ১.৫.১-এ উল্লিখিত এ বিভাগের ই-ফাইলে নোট নিষ্পাদনের অগ্রগতি সম্পর্কে

জানতে চান। সদস্যসচিব জানান, ই-নথি কার্যক্রম যথারীতি চলছে। এ বিভাগের সমন্বয় শাখা হতে প্রাপ্ত তথ্যানুযায়ী ই-নথিতে নিষ্পত্তির আনুমানিক হার ৭০%। সভাপতি বলেন, ই-নথিতে নোট নিষ্পত্তির সুনির্দিষ্ট হার নির্ণয়পূর্বক তা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ এবং ভবিষ্যতে এসংক্রান্ত সকল কাজ আইসিটি শাখা হতে সম্পন্ন করতে হবে।

২.৩. ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার কর্মসম্পাদন সূচক ২.২.৫-এ দেশ/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের বিষয়ে উল্লেখ রয়েছে। সভাপতি এবিষয়ে সভায় উপস্থিত সকলকে মতামত প্রদানের জন্য অনুরোধ করেন। সদস্যসচিব বলেন, যশোরে অবস্থিত "শেখ হাসিনা সফটওয়্যার টেকনোলজি পার্ক" পরিদর্শন করা যেতে পারে। সভাপতি বলেন, যশোরে অবস্থিত "শেখ হাসিনা সফটওয়্যার টেকনোলজি পার্ক"-সহ আরো ২-৩টি স্থান নির্ধারণপূর্বক তা নোটে সচিব বরাবর উপস্থাপন করে তাঁর নির্দেশনানুযায়ী এবিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। এবিষয়ে সকলে একমত পোষণ করেন। অতঃপর সূচকসমূহের পর্যাপ্ত যাচাই-বাছাই শেষে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২-এর অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদনের খসড়া সকলের মতামতের ভিত্তিতে চূড়ান্ত করা হয়। সভাপতি বলেন, প্রস্তুত/প্রণীত অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদনের খসড়াটি সচিবের অনুমোদনক্রমে আগামী ১৩ জানুয়ারি, ২০২২ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। তাছাড়া বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর অর্ধবার্ষিক স্ব-মূল্যায়িত প্রতিবেদন প্রমাণকসহ যথাসময়ে এবিভাগে প্রেরণ করতে হবে।

৩.০. সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

(ক) ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২-এর অর্ধবার্ষিক স্ব-মূল্যায়নের খসড়া প্রতিবেদন সচিবের অনুমোদনক্রমে আগামী ১৩ জানুয়ারি, ২০২২ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে;

(খ) "API Development for GEO Code System" উদ্ভাবনী ধারণাটি আগামী ২৮ ফেব্রুয়ারি, ২০২২ তারিখের মধ্যে সভায় উপস্থাপন এবং এটি বাস্তবায়নের অংশ হিসেবে হালনাগাদ GEO Code প্রেরণের জন্য মহাপরিচালক, বিবিএস বরাবার একটি পত্র প্রেরণ করতে হবে;

(গ) দেশ/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের বিষয়ে যশোরে অবস্থিত "শেখ হাসিনা সফটওয়্যার টেকনোলজি পার্ক"-সহ অনুরূপ আরো ২-৩টি স্থান নির্ধারণপূর্বক সেসংক্রান্ত প্রস্তাব সচিব বরাবর উপস্থাপন করতে হবে। সচিবের নির্দেশনানুযায়ী পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে;

(ঘ) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর অর্ধবার্ষিক স্ব-মূল্যায়িত প্রতিবেদন প্রমাণকসহ যথাসময়ে এবিভাগে প্রেরণ করতে হবে।

৪। সভায় আর কোনো আলোচ্যবিষয় না থাকায় সভাপতি উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২-এর কর্মসম্পাদন সূচকানুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে কর্মসম্পাদনের নির্দেশনা দিয়ে এবং সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

শেখ মোঃ কাবেদুল ইসলাম
অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা) ও চিফ
ইনোভেশন অফিসার

স্মারক নম্বর: ৫২.০০.০০০০.০২২.০৫.০০১.২১.৯

তারিখ: ২৮ পৌষ ১৪২৮
১২ জানুয়ারি ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) যুগ্মসচিব, যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

২) পরিচালক, এসএসটিআই, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)

৩) উপসচিব, এসডিজি সেল, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

৪) জনাব মো: দিলদার হোসেন, উপসচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

৫) উপসচিব , উন্নয়ন-১ অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

৬) উপসচিব, বাজেট ও আর্থিক ব্যবস্থাপনা অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

৭) সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

৮) সিনিয়র সহকারী সচিব, তথ্য ব্যবস্থাপনা-২ শাখা , পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

৯) সিনিয়র সহকারী সচিব, আইন ও অডিট শাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

১০) একান্ত সচিব , সচিবের দপ্তর, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

১১) সহ. মেইনটেন্যান্স ইঞ্জি. (অতিরিক্ত দায়িত্ব), আইসিটি শাখা-১, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

১২) উপপরিচালক, ন্যাশনাল একাউন্টিং উইং, বৈদেশিক বাণিজ্য, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)

১৩) ব্যক্তিগত কর্মকর্তা, তথ্য ব্যবস্থাপনা অনুবিভাগ , পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

মুঃ ওয়াহিদ মুরাদ

প্রোগ্রামার ও সদস্যসচিব, ইনোভেশন টিম